# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 AUGUST 2025 7:45—7:55 PM**

---

১। দুজন ভিন্ন ধর্মের ব্যক্তির মধ্যে জমি ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে নতুন এস ও পি তে রাজ্য মন্ত্রীসভার অনুমোদন ।

২। উপরাষ্ট্রপতি নির্বাচনের পরিপ্রেক্ষিতে আগামী ৮ ই সেপ্টেম্বরের পরিবর্তে আগামী ১৩ ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দুদিনের আসাম সফর ।

৩। ডিব্রুগড়ের আসাম চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালকে বিরল রোগের চিকিৎসার সেরা কেন্দ্র হিসেবে স্বীকৃতি প্রদান ।

৪। বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ধর্মীয় আচার- অনুষ্ঠান, উৎসাহ- উদ্দীপনায় গণেশ চতুর্থী পালন। এবং

৫। প্রবীণ সাংবাদিক , ভাষা সেনানী সন্তোষ মজুমদারের জীবনাবসান ।

-------------------------------------------------------------------------------------

রাজ্য মন্ত্রীসভা দুজন ভিন্ন ধর্মের ব্যক্তির মধ্যে জমি ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে নতুন বিশেষ কার্যবিধি অর্থাৎ এস ও পি তে অনুমোদন জানিয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ দিশপুরে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকের পর এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । তিনি বলেন যে এখন থেকে অন্য ধর্মের লোককে জমি ক্রয় বিক্রয় করার ক্ষেত্রে পুলিশের অনুমোদন প্রয়োজন হবে ।তিনি আরও বলেন যে জমি বিক্রয়ের ক্ষেত্রে জাতীয় নিরাপত্তার বিষয়ে গুরুত্ব আরোপ করা হবে । জমি ক্রয় বা বিক্রয় করা লোকেদের আয়ের উৎস্যের ওপরও দৃষ্টি রাখা হবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।এদিকে একই ধর্মের লোকেদের মধ্যে জমির বেচা কেনার ক্ষেত্রে নতুন এস ও পি প্রযোজ্য হবেনা বলে তিনি জানান ।রাজ্যের বাইরের কোন স্বেচ্ছাসেবী সংগঠনের জমি কেনার ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

এদিকে উপরাষ্ট্রপতি নির্বাচনের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৮ ই সেপ্টেম্বরের পরিবর্তে আগামী ১৩ ই সেপ্টেম্বর দুদিনের কার্যসূচীতে আসামে আসছেন বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানান ।প্রধানমন্ত্রী ১৩ ই সেপ্টেম্বর ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী অনুষ্ঠানেও অংশগ্রহণ করবেন । ওইদিন গুয়াহাটীতে রাত্রীযাপন করে পরদিন অর্থাৎ ১৪ ই সেপ্টেম্বর তিনি নুমুলিগড় এবং মঙ্গলদৈয়ে আয়োজিত কার্যসূচীতে অংশগ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্র আসন্ন আসাম সফরের পরিপ্রেক্ষিতে আজ রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই সংক্রান্ত প্রস্তুতির খোঁজখবর নেন । মুখ্যমন্ত্রী নতুন রাজভবন পরিদর্শন করে প্রস্তুতির বিভিন্ন দিকসমূহ প্রত্যক্ষ করেন । তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের যাবতীয় কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নির্দেশ দেন । উল্লেখ্য- কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী শ্রী শাহ্ আগামী শুক্রবার গুয়াহাটির খানাপাড়ায় আয়োজিত একটি পঞ্চায়েত সম্মেলনে অংশ নেবেন । সেখানে রাজ্যের কুড়ি হাজার পঞ্চায়েত প্রতিনিধি অংশগ্রহণ করবেন । এই সম্মেলনে বিজেপি'র ১৬ হাজার ৬৭১ জন পঞ্চায়েত প্রতিনিধি সহ অসম গণ পরিষদের দেড় হাজারেরও বেশি প্রতিনিধি অংশগ্রহণ করবেন । এছাড়া কার্বি স্বায়ত্তশাসিত পরিষদ, ডিমা হাসাও স্বায়ত্ত শাসিত পরিষদ সহ সব সায়ত্ত শাসিত পরিষদের প্রতিনিধিরা এই সম্মেলনে অংশগ্রহণ করবেন । তবে বি টি সি নির্বাচনের জন্য বি টি আর'এর কোনো প্রতিনিধি এই সম্মেলনে অংশগ্রহণ করবেন না। শ্রী শাহ তাঁর এই সফরকালে নবনির্মিত রাজভবনেরও উদ্বোধন করবেন।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে অপারেশন সিন্দুর এবং অপারেশন মহাদেব সন্ত্রাসের পরিকল্পনাকারীদের জন্য এক স্পষ্ট বার্তা প্রেরণ করেছে । শ্রী শাহ আজ পহেলগাম আক্রমণের ঘটনার সঙ্গে জড়িত সন্ত্রাসবাদীদেরকে অপারেশন মহাদেবের মাধ্যমে প্রতিহত করা দেশের সেনাবাহিনী , জন্মু-কাশ্মীর পুলিশ এবং সি আর পি এফ এর বীর জওয়ানদের সঙ্গে সাক্ষাৎ করা সহ তাঁদেরকে সম্মাননা প্রদান করেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন অপারেশন সিন্দুর জনসাধারণের মনে সন্তুষ্টি এনেছে এবং অপারেশন মহাদেব সকলের মনে আস্থা ফিরিয়ে এনে সন্তুষ্টি প্রদান করেছে । স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে দেশের নিরাপত্তা বাহিনীগুলি সন্ত্রাসবাদীদের যেকোনধরণের নাশকতামূলক কাজকর্ম প্রতিহত করতে সমর্থ ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় ডিব্রুগড়ের আসাম চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালকে বিরল রোগের চিকিৎসার সেরা কেন্দ্র হিসেবে স্বীকৃতি প্রদান করেছে । এর ফলে আসাম চিকিৎসা মহাবিদ্যালয় উত্তরপূর্বাঞ্চলের প্রথম এবং দেশের ১৫ টি সেরা চিকিৎসা কেন্দ্রের মধ্যে একটি হিসেবে পরিগণিত হয়েছে । হাসপাতালটি ই-চিকিৎসা সেবা এবং গবেষণার ক্ষেত্রেও নতুন মাত্রা যোগ করেছে ।

---------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পবিত্র গণেশ চতুর্থী উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় রাষ্ট্রপতি বলেন যে- এই উৎসব প্রজ্ঞা এবং বিচক্ষণতার দেবতা গণেশের জন্মতিথি আনন্দ এবং ভক্তিভাবের মাধ্যমে পালন করা হয় । বাধা-বিঘ্ন নাশক ভগবান গণেশ রাষ্ট্রের প্রগতির পথ প্রদর্শন করে যাবেন বলে তিনি আশা প্রকাশ করেন । রাষ্ট্রপতি শক্তিশালী এবং আত্মনির্ভরশীল রাষ্ট্র গড়ে তোলার জন্যে প্রতিশ্রুতিবদ্ধ হতে জনসাধারণের প্রতি আহ্বান জানান । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভক্তি ও বিশ্বাসে ভরা এই পবিত্র উৎসব সকলের জন্য মঙ্গল বয়ে আনবে বলে আশা প্রকাশ করেন । ভগবান গণেশ তাঁর সকল ভক্তকে সুখ, শান্তি ও সুস্বাস্থ্যের আশীর্বাদে পুষ্ট করবেন বলে তিনি প্রার্থনা করেছেন । উল্লেখ্য- মহারাষ্ট্রে আজ সাংস্কৃতিক বৈচিত্রের প্রতীক হিসেবে গণ্য করা গণেশোৎসব উৎসাহ ও উদ্দীপনায় আরম্ভ হয়েছে । আগামী অনন্ত চতুর্দশী পর্যন্ত এগারো দিন এই উদযাপন চলবে ।

আসামেও আজ ধর্মীয় রীতি নীতি মেনে উৎসাহ উদ্দীপনায় সিদ্ধিদাতা, বিঘ্নবিনাশক গণেশের পুজো হয়েছে । এই উপলক্ষে গণেশ মন্দির সমূহে সকাল থেকে অগণিত ভক্তের সমাগম পরিলক্ষিত হয়েছে । গুয়াহাটি মহানগরীর গণেশগুড়ি, লতাশীল, নিউ গুয়াহাটি, পঞ্জাবাড়ি এবং বীরকুচির গণেশ মন্দিরে পুজোর আয়োজন করা হয়েছে ।

বরাক উপত্যকায়ও আজ থেকে উৎসাহ উদ্দীপনায় গণেশোৎসব পালন শুরু হয়েছে । শিলচরেও গণেশ চতুর্থীকে কেন্দ্র করে উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে । শহরের বিভিন্ন স্থানে বেশকয়েকটি পুজোর আয়োজন করা হয়েছে । বিশেষ করে বাণিজ্যিক প্রতিষ্ঠান, দোকান-পাট ইত্যাদিতে এই পুজোর আয়োজন হয়েছে । শহরের রাঙ্গিরখাড়ির সঞ্জয় মার্কেটের ত্রিধারা ক্লাব, সুভাষনগরের একক সংঘ, তারাপুর মানব

কল্যাণ ক্লাব, এন এন দত্ত রোডের স্বর্ণশিল্পী ঐক্য গণেশ পূজা কমিটি সহ হাইলাকান্দি রোডে আরো কয়েকটি পুজোর আয়োজন করা হয়েছে।

হাইলাকান্দি জেলায়ও উৎসাহ উদ্দীপনায় গণেশ চতুর্থী পালন করা হচ্ছে । সমগ্র জেলায় ছোট বড় মিলিয়ে প্রায় একশোটি পুজো অনুষ্ঠিত হচ্ছে । শহর থেকে গ্রাম, সকল স্থানে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে । বিশেষ করে জেলার বাজার কমিটি এবং নেতাজী পয়েন্টের পুজো এবারের অন্যতম আকর্ষণ হয়ে উঠেছে। শহরের ব্যবসায়ীদের উদ্যোগে আয়োজিত এই পুজোগুলিতে আলোকসজ্জা, সাংস্কৃতিক অনুষ্ঠান, সামাজিক কার্যসূচীরও আয়োজন করা হয়েছে । পুজো উদ্যোক্তারা আশা করছেন যে- এই উৎসব সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধনকে আরো সুদৃঢ় করবে । হাইলাকান্দির লোকেদের জন্যে গণেশ চতুর্থী কেবল ধর্মীয় উৎসব নয়, ঐক্য ও ভ্রাতৃত্বের প্রতীক হিসেবে প্রতিফলিত হচ্ছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন ।

শ্রীভূমি জেলায়ও অনুরূপভাবে গণেশ চতুর্থী উদযাপন করা হচ্ছে ।

---

হাইলাকান্দির প্রবীণ সাংবাদিক, ভাষা সেনানী তথা বিশিষ্ট সাংস্কৃতিক ও সাহিত্যকর্মী সন্তোষ মজুমদার বার্ধক্যজনিত রোগে গতরাতে শিলচরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল- ৭৯ । দীর্ঘদিন ধরে তিনি শারীরিক নানা জটিলতায় ভুগছিলেন । তিনি স্ত্রী, কন্যা, জামাতা, নাতনি সহ অসংখ্য শুভানুধ্যায়ী ও গুণমুগ্ধকে রেখে গেছেন ।

সন্তোষ মুজমদারের মৃত্যু সংবাদ চড়িয়ে পড়তেই হাইলাকান্দি শহরে শোকের ছায়া নেমে আসে । আজ দুপুরে তাঁর শিববাড়ি রোডের বাসভবনে বিভিন্ন মহল থেকে অসংখ্য মানুষ তাঁকে শেষ শ্রদ্ধা জানাতে সমবেত হন । হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে তথ্য ও জনসংযোগ আধিকারিক সাজ্জাদুর হক চৌধুরী তাঁর প্রতি পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ।এছাড়া হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা, বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের হাইলাকান্দি জেলা সমিতি, সিনিয়র সিটিজেন ফোরাম সহ আরো অন্যান্য সংগঠনের পক্ষ থেকেও তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় ।

পেশাগত জীবনে তিনি সাংবাদিকতার সঙ্গে যুক্ত থাকলেও সাহিত্য ও সংস্কৃতির জগতেও তিনি উল্লেখযোগ্য অবদান রেখে গেছেন । বিশেস করে যাত্রাশিল্পের সঙ্গে তাঁর যোগসূত্র ছিল গভীর । জীবনের বিভিন্ন সময়ে তিনি পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার একাধিক নাট্য ও যাত্রা দলের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন । ১৯৬১'র ভাষা আন্দোলনে প্রয়াত মজুমদারের ভূমিকা ছিল উল্লেখযোগ্য । মাতৃভাষার মর্যাদা রক্ষার লড়াইয়ে তাঁর স্বতোস্ফূর্ত অংশগ্রহণ আজও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয় । এরজন্যে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে তাঁকে বহুবার সংবর্ধনা জানানো হয়েছে ।

এদিকে সন্তোষ মজুমদারের প্রয়াণে শোক প্রকাশ করেছেন রাজ্যের পশুপালন, মৎস্য ও পূর্ত-গ্রামণ বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল, প্রাক্তন মন্ত্রী গৌতম রায়, প্রাক্তন বিধায়ক রাহুল রায়, বিধায়ক জাকির হোসেন লস্কর, জেলা বিজেপি সভাপতি কল্যাণ গোস্বামী পুরপতি মানব চক্রবর্তী সহ বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন ।

কাছাড় জেলার বিশিষ্ট সাংবাদিক গৌতম প্রসাদ দত্ত শোক ব্যক্ত করে বলেন-

#বাইট#

শ্রীভূমি জেলার সাংবাদিক মৃণাল সরকার শোক প্রকাশ করে বলেন-

#বাইট#

হাইলাকান্দি জেলার সাংবদিক নইমূল ইসলাম চৌধুরী বলেন-

#বাইট#

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতার সেমি-ফাইনালে প্রবেশ করল রাজনগরের ব্রাইট স্টার ক্লাব । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের প্রথম কোয়াটার ফাইনালের খেলায় ব্রাইট স্টার ক্লাব ৩-০ গোলে লোকনাথপুর এফ সি-কে পরাজিত করে । আজ ব্রাইট স্টার ক্লাবের হয়ে একাই তিনটি গোল করেন এম ওয়াইয়া । প্রতিযোগীতার দ্বিতীয় কোয়াটার ফাইনালের খেলায় এল এইচ স্পোর্টিং নর্থ হাওয়াইথাং এবং টি এইচ বি আর্জানপুর দল পরস্পরের মুখোমুখি হবে ।